গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.১৭৭

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬
০২ অক্টোবর ২০১৯

বিষয়: **সরকার পক্ষে মামলার জবাব তৈরীর লক্ষ্যে রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলার আর্জির প্রতিটি প্যারার বক্তব্যের আলোকে প্যারাভিত্তিক মতামত প্রেরণ।**

সূত্র: (১) আইন শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০৪.০৪৩.১৯-৫২, তারিখ: ০৩.০৪.২০১৯ খ্রি:।
(২) আইন শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০৪.০৪৩.১৯-৮০, তারিখ: ২২.০৫.২০১৯ খ্রি:।
(৩) ইউও নোট নং-৫৭.০০.০০০০.১২১.১৪.০৪২.১৮, তারিখ: ২৬.০৫.২০১৯ খ্রি:।
(৪) ইউও নোট নং-৫৭.০০.০০০০.১২১.১৪.০৪২.১৮-২৬০, তারিখ:১০.০৭.২০১৯ খ্রি:।
(৫) আইন শাখা-২ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.১১৬, তারিখ: ২৯.০৮.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, "নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন" শীর্ষক প্রজেক্ট এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. এই মামলায় সরকার পক্ষে যথাযথ প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষে মহামান্য আদালতে তথ্য ও প্রমাণক নির্ভর যথাযথ জবাব (*Affidavit in opposition*) দাখিল হওয়া প্রয়োজন।

০৩. সে লক্ষে আর্জির আলোকে মতামত প্রেরণের জন্য সূত্রোস্থ (১) ও (২) নং স্মারক মূলে যুগ্ম সচিব (উন্নয়ন) মহোদয়-কে ০২ বার অনুরোধ করা হয়েছিল। এর প্রেক্ষিতে উপ-প্রধান কর্তৃক সূত্রোস্থ (৩) ও (৪) নং স্মারক মূলে ০২ টি পত্র আইন শাখায় প্রেরণ করা হয়।

০৪. যুগ্মসচিব (উন্নয়ন) মহোদয় কর্তৃক গত ১০.০৭.২০১৯ খ্রি: তারিখে ইউও নোট এর মাধ্যমে সূত্রোস্থ (৪) নং স্মারক মূলে যে জবাবী পত্র (আইন শাখায়) প্রেরণ করা হয়েছে তাতে রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলাটির আর্জির প্রতিটি প্যারার বক্তব্যের আলোকে মতামত প্রদান প্রেরণ করা হয়নি, ফলে সরকার পক্ষে জবাব তৈরী করাও সম্ভব হয়নি।

০৫. মামলাটি যেহেতু বাংলাদেশ সরকারের একটি জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রজেক্ট সংক্রান্তে সেহেতু মামলাটি বিষয়ে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষে যথাযথ জবাব (*Affidavit in opposition*) প্রস্তুত করার নিমিত্ত আর্জির প্রতিটি প্যারার আলোকে প্যারাভিত্তিক মতামত (আইন শাখায়) প্রেরণের অনুরোধ করে সূত্রোস্থ ৫ নং স্মারক পত্রটি {যুগ্মসচিব (উন্নয়ন) বরাবর} প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি মামলাটির আর্জির আলোকে প্যারাভিত্তিক মতামত পাওয়া যায়নি ফলশ্রুতিতে মামলার জবাব তৈরী করাও সম্ভব হয়নি।

০৫. রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলায় আর্জির বক্তব্যের আলোকে প্যারাভিত্তিক মতামত না পাওয়ার কারণে মহামান্য আদালতে সরকার পক্ষের জবাব (*Affidavit in opposition*) দাখিল সম্ভব হচ্ছে না।

০৬. এমতাবস্থায়, বিষয়টি সদয় বিবেচনাপূর্বক রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলার আর্জির প্রতিটি প্যারার বক্তব্যের আলোকে প্যারাভিত্তিক মতামত (সরকার পক্ষের তথা টিএমইডি এর পক্ষে জবাব তৈরীর নিমিত্ত) প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে ৪র্থ বারের মতো অনুরোধ করা হলো।

২-১০-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা
শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.১৭৭/১(৭)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬
০২ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২-১০-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)